
124
065
তারিখ ... ৩০/৩/৮৪ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

ইত্তেফাক



# প্রধানমন্ত্রী পদে আতাউর রহমান খান

প্রেসিডেন্ট এরশাদ জনাব আতাউর রহমান খানকে প্রধানমন্ত্রী হিসাবে নিয়োগ করিয়াছেন। মন্ত্রীপরিষদে তাঁহার এই নিযুক্তি অবিলম্বে কার্যকর হইবে। বাসস ও এনা জানায়, জনাব খান প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন ছাড়াও নবগঠিত রাজনীতি ও সংসদবিষয়ক মন্ত্রণালয়েরও দায়িত্বে থাকিবেন।

গতরাতে (বৃহস্পতিবার) এক সরকারী মুখপাত্র জানান, প্রেসিডেন্ট নবনিযুক্ত প্রধানমন্ত্রীকে আজ (শুক্রবার) তাঁহার নয়া অফিসে শপথ গ্রহণ করাইবেন।

জনাব খান ঢাকায় তাঁহার বাসভবন হইতে প্রদত্ত এক বিবৃতিতে বলেন, প্রেসিডেন্ট ইতিমধ্যেই শান্তিপূর্ণ উপায়ে

(৮ম পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## আতাউর রহমান

(১ম পৃঃ পর)

গণতন্ত্রে উত্তরণের যে উদ্যোগ নিয়াছেন, তিনি সেই লক্ষ্যে একটি শান্তিপূর্ণ ও স্থিতিশীল রাজনৈতিক প্রক্রিয়া নিশ্চিত করার জরুরী ও গুরুত্বপূর্ণ কাজে অবিলম্বে নিজেকে নিয়োজিত করিবেন।

আমাদের ষ্টাফ রিপোর্টার ওয়াকিফহাল মহলসূত্রের বরাত দিয়া জানান, জনাব রহমানের উপর জনদলের চেয়ারম্যানের দায়িত্বভার অর্পণ করা হইবে।

বাংলাদেশ জাতীয় লীগের সাধারণ সম্পাদক জনাব আবুল কালাম, বাংলাদেশ ইউনাইটেড ন্যাশনাল পার্টির সিনিয়র ভাইস চেয়ারম্যান এডভোকেট জনাব হাবিবুল হক খান বেনু, কৃষক-শ্রমিক পার্টির সেক্রেটারী জেনারেল জনাব গোলাম রব্বানী (এডভোকেট), পিপলস ডেমোক্রেটিক পার্টির সাধারণ সম্পাদক জনাব এম, এ, হান্নান, বাংলা কমিউনিষ্ট পার্টির নেতা আবদুল বারী (এডভোকেট) এক যুক্ত বিবৃতিতে জাতীয় জীবনের এই ক্রান্তিলগ্নে জাতীয় সঙ্কট নিরসনে জনাব আতাউর রহমান খানকে প্রধানমন্ত্রী নিয়োগের ঘোষণায় অভিনন্দন জ্ঞাপন করিয়াছেন। তাঁহারা এই মর্মে আশা প্রকাশ করেন যে, জনাব আতাউর রহমান খানের নেতৃত্বে দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা সম্ভব হইবে।